গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।
WWW.acl.bhaluka.mymensingh.gov.bd

নম্বর- ৩১.৪৫.৬১১৩.০০০.০৩২.০২৫.২০-৩১৮২ — তারিখ : ০২.০১.২০২৫ খ্রিঃ

# জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা ভূমি অফিস,ভালুকা এর নিয়ন্ত্রণাধীন ইজারাযোগ্য ২০(বিশ) একর পর্যন্ত নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা-২০০৯ মোতাবেক বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রনালয়,সায়রাত-১ অধিশাখা এর গত ১৭ ডিসেম্বর,২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮ .০২০.০৯(অংশ-২).-৬৯৪ং নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির নিকট হতে ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন আহবান করা যাচ্ছে।জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটিwww.mymensingh.gov.bd, www.bhaluka.mymensingh.gov.bd ও www.acl.bhaluka.mymensingh.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনলাইনে আবেদন ও অন্যন্যা কার্যক্রম গ্রহণ করতে হবে।

| ক্রঃ নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | বাংলা ০১ মাঘ থেকে ১৪ মাঘ, ১৪৩১ এর মধ্যে (১৫/০১/২০২৫ থেকে ২৮/০১/২০২৫ তারিখের মধ্যে) | অনলাইনে ইজারার আবেদন দাখিল করতে হবে। |
| ০২ | বাংলা ১৪ মাঘ, ১৪৩১ এর পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ২৯/০১/২০২৫ থেকে ০২/০২/২০২৫ তারিখের মধ্যে) (অফিস চলাকালীন) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার,ভালুকা, ময়মনসিংহের কার্যালয়ে দাখিল করতে হবে। |

## ১৪৩২ হতে ১৪৩৪ বাংলা সন পর্যন্ত তিন বৎসর মেয়াদে ইজারাযোগ্য জলমহালসমূহের তালিকা :

| ক্রঃ নং | ইজারাযোগ্য জলমহালের নাম | জলমহালের জমির পরিমান (একরে) | সরকারি ইজারা মূল্য | ইজারার মেয়াদ (বাংলা) |
|---|---|---|---|---|
| ১ | বেরুল বিল, রাংচাপড়া | ১১.৮৮ | ১৭,৯৫,৪৭৭/- | ১৪৩২- ১৪৩৪ |
| ২ | কোটানাইল পুকুর, রাংচাপড়া | ১.১৯ | ৯৯,২২৫/- | ১৪৩২- ১৪৩৪ |
| ৩ | ছোটনাইল পুকুর, রাংচাপড়া | ১.৪৬ | ৪৪,৬৫২/- | ১৪৩২- ১৪৩৪ |
| ৪ | পুরুড়া খাস পুকুর,পুরুড়া | ২.১৭ | ৮৯,৫৮৪/- | ১৪৩২- ১৪৩৪ |
| ৫ | বাটাজোর খৈলার পুকুর, মুচিরা | ১.৮৭ | ১,৬৪,৮৫০/- | ১৪৩২- ১৪৩৪ |
| ৬ | খিলবাড়ী পুকুর, হবিরবাড়ী | ০.৬০ | ১৮,০৬০/- | ১৪৩২- ১৪৩৪ |
| ৭ | ভেতিয়ার পুকুর, মল্লিকবাড়ী | ১.৫২ | ২৮,০১৬/- | ১৪৩২- ১৪৩৪ |
| ৮ | পদ্মার পুকুর | ১.২৭ | ৭৪,০২৫/- | ১৪৩২- ১৪৩৪ |
| ৯ | হেরাইল বিল | ১৩.২০ | ৭,৫১,২৭৫/- | ১৪৩২- ১৪৩৪ |
| ১০ | ডাকাতিয়া বাজার পুকুর | ০.৭০ | ২৭৮২৫/- | ১৪৩২- ১৪৩৪ |

CS Scanned with CamScanner
CS CamScanner

নিয়মাবলী :

১। আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রনালয়ের ওয়েব সাইটে এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা আছে।

২। আবেদনকারী কর্তৃক জলমহালটি সরেজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোন অংশ ভরাট হয়ে গেছে মর্মে প্রশ্ন বা দাবী উথাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

৩। ইজারা সংক্রান্ত আবেদন ফরম অফেরতযোগ্য ৫০০/-(পাঁচশত) টাকায় উপজেলা ভূমি অফিস, ভালুকা, ময়মনসিংহ হতে সংগ্রহ করতে হবে।

৪। জলমহাল ইজারার জন্য উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা জামানত হিসাবে ব্যাংক ড্রাফট পে-অর্ডারের মাধ্যমে মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে।

৫। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন, ডানপাশে উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ এবং খামের বাম পাশে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৬। জলমহাল ইজারা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫(পনেরো) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারা অর্থ ও অন্যান্য করাদি নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৭। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বৎসরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর পরিশোধ করতে হবে। এ ক্ষেত্রে সরকার কতৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

৮। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিষ্ট্রেশন) এর সত্যায়িত কপি,নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি, মৎস্যজীবীদের জাতীয় পরিচয় পত্র দাখিল করতে হবে।

৯। আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

১০। সমিতির গঠনতন্ত্র, সমিতির সভার কার্যবিবরণী ও ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুল অনুসারে) দাখিল করতে হবে।

১১। বিগত ০২ (দুই) বৎসরের অডিট রির্পোটসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোন কাগজপত্র দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রির্পোট প্রয়োজন হবে না।

১২। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গিকারনামা দাখিল করতে হবে।

১৩। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি উপজেলা ভূমি অফিস/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করতে পারবেন।।

02.03.25

(হাসান আব্দুল্লাহ আল মাহমুদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ভালুকা, ময়মনসিংহ

Scanned with CamScanner
CamScanner